

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, অথাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-৪৫/২০২৩

তারিখঃ ২০/০৭/২০২৩ খ্রিঃ

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক জারিকৃত অফিস আদেশ, নথি নং- এস-৪/১৩৩/প্রশাসন/অফিস আদেশ/২০১০/৪৯৪৩-কাস(১৭), তারিখঃ ১৭/০৭/২০২৩ খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।


মোঃ মিজানুর রহমান
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম

Web: www.chc.gov.bd, E-mail: customhousectg@nbr.gov.bd

নথি নং- এস-৪/১৩৩/প্রশাসন/অফিস আদেশ/২০১০/

তারিখঃ ১৭/০৭/২০২৩ খ্রিঃ

অফিস আদেশ

The Customs Act, 1969 এর Section-60, 62, 63, 64 ও 158 অনুযায়ী উক্ত আইনের Section-9 ও 10 এর আওতাধীন অধিক্ষেত্রে রাজস্ব ঝুঁকি হ্রাসকরণ, জনস্বার্থ ও রাষ্ট্রীয় নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে কাস্টম হাউস, চট্টগ্রাম এর গেইট ডিভিশনে পদস্থ সহকারী রাজস্ব কর্মকর্তাগণকে সহযোগিতার নিমিত্ত পদস্থ সিপাইদের কর্মপরিধি নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো:

- ১। রাজস্ব ঝুঁকি ব্যবস্থাপনা ও রাষ্ট্রীয় নিরাপত্তার স্বার্থে দায়িত্ব পালনকালে কর্তব্যস্থলে কর্মরত অন্যান্য সংস্থার সাথে সমন্বয় পূর্বক সার্বক্ষণিক পণ্য পরিবহন মনিটরিং করবেন;
- ২। বন্দরের প্রস্থান গেইট (Exit Gate) অতিক্রমের প্রাক্কালে আমদানি কার্গোসমূহ বহনকারী যানবাহনের (ট্রাক/কাভার্ড ভ্যান নম্বর, কন্টেইনার নম্বর) নম্বর Exit ডকুমেন্ট এ উল্লেখিত নম্বরের সাথে যাচাইকরণ;
- ৩। Exit ডকুমেন্ট এর সাথে যানবাহন/কন্টেইনার এর তথ্যের কোন অসংগতি পরিলক্ষিত হলে খালাস কার্যক্রম স্থগিতকরণের লক্ষ্যে তাৎক্ষণিকভাবে দায়িত্বরত উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিতকরণ;
- ৪। নির্দিষ্ট বিল অব এন্ট্রির আওতাধীন একাধিক কাভার্ড ভ্যান/কন্টেইনার এর আংশিক পণ্য খালাসের ক্ষেত্রে তার তথ্য রেজিস্ট্রারে লিপিবদ্ধকরণ ও পরবর্তীতে সমন্বয়করণ;
- ৫। বন্দরের প্রবেশ ও প্রস্থান গেইটে খালি যানবাহন (কাভার্ড ভ্যান, কন্টেইনার) ও অন্যান্য যানবাহনে (ইউটিলিটি ইত্যাদি) চোরাচালানকৃত বা অবৈধ অপসারণের উদ্দেশ্যে কোন পণ্য রয়েছে কিনা তা নজরদারি ও তল্লাশীকরণ;
- ৬। গেইট ডিভিশন কর্তৃক প্রণীত রোস্টার মোতাবেক প্রবেশ/প্রস্থান গেইট পয়েন্টে সার্বক্ষণিক দায়িত্ব পালন;
- ৭। উপরে উল্লেখিত কার্যক্রমসহ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্য যেকোন দায়িত্ব;
- ৮। The Customs Act, 1969 এর Section-219B এ প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জনস্বার্থে জারি করা হলো। যা অবিলম্বে কার্যকর হবে;

স্বাঃ/-

(মোহাম্মদ ফাইজুর রহমান)
কমিশনার অব কাস্টমস

নথি নং- এস-৪/১৩৩/প্রশাসন/অফিস আদেশ/২০১০/৪৯৪৩-কাস(১৭)

তারিখঃ ১৭/০৭/২০২৩ খ্রিঃ